মেহেরপুরে গাড়াবাড়িয়া ছাত্র উন্নয়ন সংঘের ভিন্ন উদ্যোগ

গাড়াবাড়িয়া ছাত্র উন্নয়ন সংঘ এবং ব্যবসায়ী সাজ্জাদ হোসাইন পলাশের এর উদ্যেগে করোনা ভাইরাস এর মহামারি এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে সাধারন মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কাজ করা হয়েছে।

শুক্রবার দিনব্যাপী এলাকার যুবকদের সাথে নিয়ে এই সামজিক সচেতনতা মূলক কাজ করা হয়েছে।

এর মধ্যে নিয়মিত মাইকিং মেডিসিন ও মুদি দোকানের সামনে বৃত্ত দেওয়া, হাতের গ্লাভস দেওয়া,
অসহায় মানুষের মাঝে সাবান ও অনান্য উপকরণ দেওয়া, মাস্ক বিতরণ ইত্যাদি।

এছাড়াও যেকোনো প্রয়োজনে মানুষের পাশের থাকার প্রত্যয় ব্যক্ত করেন সাজ্জাদ।

সেই সাথে করোনা ভাইরাস মোকাবেলায় এলাকার জনগনকে সচেতন হওয়ার আহবান জানান।

মেপ্র/এমএফআর

মেহেরপুর শহরে জীবণুনাশুক ঔষধ স্প্রে

করোনা ভাইরাস প্রতিরোধে মেহেরপুর শহরের প্রধান সড়কে জীবণুনাশুক ঔষধ স্প্রে করছেন পৌর মেযর মাহাফুজুর রহমান রিটন।

শুক্রবার দুপুর ১২ টা হতে মেহেরপুর পৌরসভা থেকে শহরের কমিউনিটি হলের সামনে, কলেজ মোড়ে, কোর্ট সড়ক সহ সারা সড়গুলোতে জীবাণু

ধ্বংস করতে স্প্রে করা হচ্ছে।

এসময় পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন বলেন, মেহেরপুর পৌরসভায় করোনা ভাইরাস প্রতিহত করতে ও হাত ধোয়া সম্পর্কে সচেতনতার পাশাপাশি করোনা ভাইরাসের জীবাণু ধ্বংস করতে এই কার্যক্রম চালানো হচ্ছে।

করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে ও সামাজিক দূরত্ব নিশ্চিতে চুয়াডাঙ্গায় ভিন্ন উদ্যোগ

করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সামাজিক দূরত্ব নিশ্চিত করতে চুয়াডাঙ্গায় ব্যবসায় প্রতিষ্ঠানের সামনে সাদা রঙের প্রলেপ অঙ্কন শুরু করেছে প্রশাসন। গতকাল বৃহস্পতিবার (২৬ মার্চ) বিকেলে শহরের শহীদ হাসান চত্বর থেকে এ কার্যক্রম শুরু হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু নিজ হাতে সাদা রঙ দিয়ে রেখা অঙ্কন করে দেন।

চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু জানান, করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে শহরের বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের সামনে তিন ফিট দূরত্বে রেখা অঙ্কন করে দেয়া হয়েছে। যাতে করে ওই রেখার মধ্যে দাড়িয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে ক্রেতারা তাদের কাজ শেষ করে বাড়ি ফিরবে।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানান, যদিও জরুরী পণ্যের দোকান ছাড়া সকল ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তাই যেসব অল্প সংখ্যক দোকান খোলা রয়েছে সেসব দোকানের ক্রেতাদের সামাজিক দূরত্ব নিশ্চিত করতে ওইসব দোকানের সামনে সাদা রঙের প্রলেপ দিয়ে রেখা অঙ্কন করে দেয়া হয়েছে। যাতে করে কারো সাথে কারো সংস্পর্শ না ঘটে। এ নিয়ম না মানলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে।

এছাড়াও, করোনাভাইরাসের কারনে চুয়াডাঙ্গায় বন্ধ রয়েছে দূরপাল্লা ও অভ্যন্তরীণ রুটে বাস চলাচল। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে কোন ধরণের বাস চলাচল করতে দেখা যায়নি এ জেলায়। জেলার বাস টার্মিনালের কাউন্টারগুলো ছিল ফাঁকা। তবে চলাচল করছে পণ্যবাহি ও জরুরী কাজে নিয়োজিত যানবাহনগুলো।

এদিকে, জেলা প্রশাসনের নির্দেশে বন্ধ রয়েছে সব ধরণের ব্যবসা প্রতিষ্ঠান। জেলার চার উপজেলার হাসপাতাল, ক্লিনিক, ফার্মেসী, কাঁচাবাজার, মুদি দোকান ও মোবাইল রিচার্জের দোকান বাদে সব ধরণের ব্যবসা প্রতিষ্ঠান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা প্রশাসনের সাথে মাঠে কাজ করছে সেনাবাহিনীর সদস্যরা। যদি কোন ব্যবসা প্রতিষ্ঠান এ আদেশ অমান্য করে তাহলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চুয়াডাঙ্গায় সেনাবাহিনীর করোনা সচেতনতা

করোনা ভাইরাস নিয়ে মানুষকে সচেতন করার জন্য মাঠে নেমেছে সেনাবাহিনী। শুক্রবার দুপুরে জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা পৌরসভার কর্তৃপক্ষকে সাথে নিয়ে প্রচারণায় নামে সেনাবাহিনী। জেলা প্রশাসনের কার্যালয় থেকে শুরু হয় এ প্রচারণা।

সেনাবাহিনীর সাথে প্রচারণায় ছিলেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র ওবায়দুর রহমান চৌধুরী, জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ, চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) ইসরাত জাহান।

জেলা প্রশাসকের কার্যালয় থেকে প্রচারণা শুরুর পর পুরো দলটি বড় বাজারে এসে বাজারে থাকা ব্যবসায়ী ও ক্রেতাদের করোনা ভাইরাস বিষয়ে সতর্ক করেন।

[redacted]

[redacted] (AA) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নারী ইউপি সদস্য নিহত

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য কহিনুর বেগম সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন।

বৃহস্পতিবার (২৬ মার্চ) সন্ধ্যার দিকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। কোহিনুর বেগম আশরাফপুর গ্রামের আব্দুল আজিজের স্ত্রী।

এর আগে সকাল ১০টার দিকে কোহিনুর বেগম একই ইউনিয়ন পরিষদের মেম্বর ফিরাতুল ইসলামের সঙ্গে মোটরসাইকেলে আশরাফপুর থেকে মেহেরপুর আসার সময় পড়ে গিয়ে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়ায় পাঠানো হয়। সন্ধ্যায় তার মরদেহ গ্রামের বাড়ি পৌঁছেছে।

মেপ্র/ইএম

দর্শনায় করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ

চুয়াডাঙ্গার দর্শনায় করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে দর্শনা পৌর এলাকার দর্শনা বাসষ্ট্যান্ড, রেল

বাজার সহ বিভিন্ন এলাকায় নিজ উদ্যোগে করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ করেছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু।

সেই সাথে সকলকে করোনা ভাইরাস রোধে সচেতন হতে পরামর্শ দেন তিনি।

দর্শনা বাসস্ট্যান্ড থেকে শুরু করে দর্শনার বিভিন্ন স্থানে গরীব অসহায় মানুষ এবং ভ্যান চালক, ইজিবাইক চালক, দিনমজুরদের মাঝে মাস্ক ও সাবান বিতরণ করেন এবং সকলকে সচেতন হয়ে চলাফেরা করার নির্দেশ দেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ দেশের মানুষের কল্যাণ এর জন্য যে যে নির্দেশনা দিয়েছেন আমরা সকলে তা মেনে চলি। আপনারা প্রয়োজন ছাড়া কেউ বাড়ির বাহিরে বের হবেন না। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা রোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

আপনারা সকলে সরকারের উপর আস্থা রেখে সরকারের নির্দেশ মেনে চলুন তাহলেই এই করোনা ভাইরাস রোধ করা সম্ভব। যেমন, কোন প্রয়োজনে বাড়ির বাহিরে গেলে বাড়িতে ফিরে আগে সাবান বা হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধুয়ে ফেলুন। হাত ধোয়ার আগে চোখে, মুখে হাত দিবেন না। তবে বিশেষ ভাবে বলা হয়েছে খুব প্রয়োজন ছাড়া কেউ বাড়ির বাহিরে বের হবেন না।

তিনি আরও বলেন, সকলকে সচেতন হতে হবে এবং অন্যকে সচেতন করতে হবে।

মেহেরপুরের মাওলানা আনিছুর রহমানের ইন্তেকাল

মেহেরপুর প্রাইম ইসলামী লাইফ ইন্সুরেন্স এর জেলা ইনচার্জ মাওলানা আনিছুর রহমান ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার সন্ধার পর কুষ্টিয়া জেনারেল হাসপাতালে তিনি শেষ

নিঃশ্বাস ত্যাগ করেন।

এর আগে সকালের দিকে তিনি হৃদরোগে আক্রান্ত হলে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। পরে তার অবস্থার অবনতি হলে, বিকালে তাকে কুষ্টিয়া রেফার্ড করেন চিকিৎসক।

মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন ছেলে, দুই মেয়ে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

তবে জানাজার সময় এখনো জানা যায়নি।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় মহান স্বাধীনতা দিবস পালিত

৪৯ তম মহান স্বাধীনতা দিবস দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগ করোনা ভাইরাস আতঙ্কে সংক্ষিপ্ত আকারে পতাকা উত্তোলন করেছে।

আজ বৃহস্পতিবার সকাল ৭ টায় দলীয় কার্যালয়ে সম্মূখে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিকউর রহমান দলীয়, যুগ্ম সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস জাতীয় পতাকা উত্তোলন সহ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পঅর্পন করেন।

এ সময় উপস্হিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি সহিদুল হক,ইউনিয়ন আ,লীগের সহসভাপতি আব্দুল কাদের বিশ্বাস, সাংগাঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক নুর ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরিফ রতন, কৃষকলীগের সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, আ,লীগ নেতা সাঈদুর রহমান সাঈদ, শেখ মজিবর রহমান,হামিদুল হক তরফদার, রবি মন্ডল, শফিকুল ইসলাম যুবলীগ নেতা শামিম চৌধুরী, মঞ্জুর রাশেদ তুহিন, বিল্লাল হোসেন প্রমুখ।

গাংনীতে ভূঁয়া কাগজে রাজু এখন প্রধান শিক্ষক

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা এইচ.বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ।শিক্ষক নিবন্ধন ছাড়া এবং নিয়োগ ছাড়াই শ্বশুর প্রাক্তণ প্রধান শিক্ষক ও তৎকালীন ম্যানেজিং কমিটির সভাপতি মামা শ্বশুরের বদৌলতে সীল স্বাক্ষর জাল করে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসাবে এমপিও করে বেতন ভুক্ত হয়।

জানা গেছে,২০০২ সালে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক হিসাবে অবৈধ নিয়োগ গ্রহণ করেন। গাংনী উপজেলার দুর্নীতিবাজ মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারের যোগসাজশে ভূঁয়া কাগজ পত্র শিক্ষা বোর্ডে প্রেরণ করে বৈধতা নেয়ার চেষ্টা করে।

তার নিয়োগ বিধি মোতাবেক কাম্য যোগ্যতা ও অভিজ্ঞা না থাকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তাকে বেতন বাতিল করে। যার পক্ষে বৈধ কাগজ পত্র না থাকায় রাজু আহমেদ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক পদ থেকে পদত্যাগ করেন। পরবর্তীতে তিনি ২০০৭ সালে আবারও অফিসকে ম্যানেজ করে অবৈধভাবে পুনরায় নিয়োগ ও নিবন্ধন ছাড়াই বেতন ভুক্ত হয়।

হাড়াভাঙ্গা গ্রামবাসীর পক্ষে লিখিত অভিযোগে খাইরুল ইসলামের ছেলে জিয়ার ছাড়াও বেশ কয়েকজন জানিয়েছেন, দুর্নীতিবাজ এই শিক্ষক আদম ব্যবসার অন্তরালে অসহায় লোকজনকে প্রতারিত করে চাকুরিসহ নানা প্রলোভন দেখিয়ে অর্থ বাণিজ্য ও সুদ ব্যবসা করে গাড়ি বাড়ীর মালিক বনেছেন। ২০ লক্ষ টাকার বিনিময়ে তিনি আবারও এইচ বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে বহাল তবিয়তে চাকুরী করছেন। গ্রামবাসীর আবেদন, দুর্নীতিবাজ আদম ব্যবসায়ী শিক্ষক নিবন্ধন ছাড়াই এবং ভূঁয়া ইনডেক্সে অভিজ্ঞতা না থাকলেও প্রধান শিক্ষক হিসাবে কিভাবে নিয়োগ পেয়ে বেতনভুক্ত হলেন!

বিষয়টি নিয়ে এইচ বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদের সাথে কথা বলতে বার বার মোবাইল ফোনে চেষ্টা করেও

যোগাযোগ করা সম্ভব হয়নি।

এব্যাপারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর আবেদন করা হয়েছে। সচেতন মহলের দাবি, সরেজমিনে তদন্ত সাপেক্ষে নিবন্ধন ছাড়া ও ভূঁয়া ইনডেক্সধারী অবৈধ প্রধান শিক্ষকের পদ থেকে অপসারণ ও উক্ত বিদ্যালয়ে শিক্ষার মান ফিরিয়ে আনতে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়েছেন।